

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, মে ৪, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
[মূল্য সংযোজন কর]

আদেশ

তারিখ, ১১ বৈশাখ ১৪২১ বঙ্গাব্দ/২৪ এপ্রিল ২০১৪ খ্রিস্টাব্দ

নং ১২/মূসক/২০১৪—যেহেতু, বাংলাদেশ টেলিকমিউনিকেশন কোম্পানী লিঃ (বিটিসিএল) গ্রাহকদের নিকট থেকে যে সেবামূল্য আদায় করে তার উপর ১৫% হারে মূসক পরিশোধের পর উক্ত সেবামূল্যের অংশ বিশেষ বহির্গামী (Outgoing) টেলিফোন কল, Internet Bandwidth Service, Satellite Channel Service (Intelsat), Inmarsat Service বা অনুরূপ কোন সেবার মূল্য বাবদ দেশের বাইরের প্রতিষ্ঠানকে বৈদেশিক মুদ্রায় পরিশোধ করে থাকে;

যেহেতু, গ্রাহক পর্যায়ে সেবার বিপরীতে সমুদয় মূসক আদায় ও পরিশোধ করা হয় এবং যেহেতু, আদায়কৃত সেবামূল্যের রেভিনিউ শেয়ারিং হিসাবে বিদেশী প্রতিষ্ঠানকে পরিশোধযোগ্য অংশের উপর মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি ১৮ক এর উপবিধি (৩) অনুযায়ী ব্যাংক কর্তৃক ১৫% হারে মূসক উৎসে আদায়/কর্তনের বাধ্যবাধকতা থাকায় এক্ষেত্রে দ্বৈতকর আরোপিত হয়;

সেহেতু, দ্বৈতকর পরিহারের লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে বিটিসিএল কর্তৃক বিদেশী প্রতিষ্ঠানকে বৈদেশিক মুদ্রায় পরিশোধিতব্য সেবামূল্যের উপর প্রযোজ্য মূসক হতে অব্যাহতি প্রদান করল।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

মোঃ শওকাত হোসেন

প্রথম সচিব (মূসক-অব্যাহতি)।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd

(১৩২৭১)

মূল্য : টাকা ৪.০০